[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সিহাব আলীর ছেলে।

জেলা গোয়েন্দা শাখার ইন্সপেক্টর আমিনুল ইসলামের নেতৃত্বে এসআই আশরাফুল ইসলাম, এএসআই হেলাল উদ্দিন সংগীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে এই অভিযান চালানো হয়।

আসামীর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় মামলা হয়েছে। যার মামলা নং ৩৪

মেহেরপুরে ছাত্রদল ও স্বেচ্ছাসেবক দলের দুই নেতা আটক/৬টি ককটেল উদ্ধার

মেহেরপুর শহরের শেখপাড়ায় অভিযান চালিয়ে জেলা ছাত্রদল নেতা নাহিদ মাহবুব সানি (৩০) ও স্বেচ্ছাসেবক দল নেতা তারেক হোসেন ওরফে কালুকে আটক করে পুলিশ। এসময় তাদের কাছ থেকে ৬ টি ককটেল উদ্ধার করেছে বলে দাবী পুলিশের।

বৃহস্পতিবার দিবাগত রাতে শহরের শেখপাড়ার একটি পরিত্যক্ত চায়ের দোকানে অভিযান চালিয়ে তাদের আটক করে সদর থানা পুলিশ।

আটকরা হলেন, মেহেরপুর শহরের ৪ নং ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক শেখপাড়া এলাকার মোতালেব হোসেনের ছেলে মো: তারেক হোসেন ওরফে কালু ও শহরের বড়বাজার এলাকার মৃত সাইদ মাহবুব জামানের ছেলে মেহেরপুর জেলা ছাত্রদলের সহসভাপতি নাহিদ মাহবুব সানি।

পুলিশ জানায়, ঘটনার সময় শেখপাড়া পরিত্যাক্ত একটি চায়ের দোকানের সামনে বিএনপির ১০থেকে ১২ জন লোক নাশকতার উদ্দ্শে্যে সরকার বিরোধী মিটিং করছিল। এসময় গোপন সংবাদের ভিত্তিত্বে খবর পেয়ে সদর থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) কেএম রেজাউল করিমের নেতৃত্বে পুলিশের একটি টিম সেখানে অভিযান চালান। পুলিশের উপস্থিতি টের পেয়ে ককটেলগুলো ফেলে রেখে সবাই পালিয়ে গেলেও দুই জন আটক হন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, নাশকতার অভিযোগে সন্ত্রাস দমণ আইনে ৬ জন এজাহার নামীয় ও অজ্ঞাত ১০ থেকে ১২ জনকে আসামি করে একটি মামলা দায়ের করা হয়েছে। শুক্রবার দুপুরে আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খান ছাতু বলেন, মিথ্যা ও সাজানো মামলায় বিরোধীদের দমন পিড়নে ব্যস্ত পুলিশ। এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েঅনতিবিলম্বে এই মিথ্যা মামলা প্রত্যাহার ও নি:শর্ত মুক্তি দাবী করেন তিনি।

গাংনীতে ২ কেজি গাঁজাসহ একজন আটক

গাংনী উপজেলার লক্ষিনারায়নপুর ধলা গ্রামে পুলিশ অভিযান চালিয়ে ২ কেজি গাঁজাসহ ইন্তাজ আলী (৫৫) কে আটক করেছে।

আটক ইন্তাজ আলী লক্ষিনারায়নপুর ধলা গ্রামের মৃত আকছেদ আলীর ছেলে। গোপন সংবাদের ভিত্তিত্বে গতকাল সোমবার দিবাগত মধ্যরাতে গাংনী থানার এসআই শাহিন মিয়া, এসআই সইবুর রহমা, এসআই আয়ূব হোসেন, এসআই তুষার সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তার ঘরের ভিতর থেকে এই গাঁজা উদ্ধার করেন। এসময় বাড়ির মালিক ইন্তাজ আলীকে আটক করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, মাদক কারবারি ইন্তাজ আলী এলাকার শীর্ষ মাদক কারবারি। বিক্রির উদ্যোশ্যে গাঁজা বাড়িতে রেখেছিলেন তিনি। গোপন সংবাদের ভিত্তিত্বে অভিযান চালিয়ে গাঁজাসহ তাকে আটক করা হয়।

গাঁজা উদ্ধারের ঘটনায় গাংনী থানা পুলিশ বাদী হয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করেছেন। আটক ইন্তাজকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে আটক ২

চুয়াডাঙ্গা সদর থানা কর্তৃক মাদক বিরোধী অভিযানে ২৭ পিস এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশনসহ ২ (দুই) জনকে গ্রেফতার করা হয়েছে।

চুয়াডাঙ্গা সদর থানা কর্তৃক মাদক বিরোধী অভিযানে চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান নেতৃত্বে এসআই (নি:)মোঃ মাসুদ রানা সঙ্গীয় ফোর্সসহ আজ শুক্রবার দুপুর ১ টার সময় চুয়াডাঙ্গা সদর থানাধীন জনৈক নীলরতন সাহার গোডাউনের সামনে পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে দুইজন কে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামী বুজরুকগড়গড়ি (কেদারগঞ্জ) গ্রামের কাবিল উদ্দিনের ছেলে মোঃ বদর উদ্দিন বাদল (৩৩), আলমডাঙ্গা থানার জেহালা মুন্সিগঞ্জ গ্রামের নিজাম উদ্দিনের ছেলে মোঃ জানে আলম নয়ন (৪২) ।

এসময় তাদের দেহ তলাশি করে ২৭ (সাতাশ) পিস এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশন উদ্ধার করে পুলিশ।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান বলেন,গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেহেরপুর শহরে পুলিশের অভিযান ৮ মাদকসেবি আটক

মেহেরপুর শহরে মাদক বিরোধী অভিযান চালিয়ে ৮ মাদকসেবিকে আটক করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নেতৃত্বে

পুলিশের পৃথক টিম আজ সোমবার (৮ মে) সকাল থেকে বিকাল পর্যন্ত মেহেরপুর শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামিদের আটক করা হয়।

আটকরা হলেন, মেহেরপুর শহরের ক্যাশবপাড়া এলাকার ইসমাইল হোসেন ওরফে আহার আলীর ছেলে জনি হোসেন (২৬), একই এলাকার আব্দুল মতিনের ছেলে শাকিল হোসেন (১৯), বেড়পাড়া এলাকার আব্দুল হামিদ বিশ্বাসের ছেলে রনি বিশ্বাস (৩৬), সদর উপজেলার গোভীপুর গ্রামের ইন্নাল বিশ্বাসের ছেলে আব্দুস সালাম ওরফে লাল মিয়া (৫০), ফতেপুর গ্রামের পাচু মিয়ার ছেলে শহিদুল ইসলাম (৪৮), মেহেরপুর শহরের ঘোষপাড়া এলাকার কুতুব উদ্দীনের ছেলে রেজাউল ইসলাম (২৪), নতুনপাড়া এলাকার মোমিন সর্দারের ছেলে আবু বক্কর ওরফে ইলু (২৯)ও একই পাড়ার জয়নাল হোসেনের ছেলে লিটন (৩৬)।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, শহরের বিভিন্ন স্থানে পুলিশ অভিযান চালিয়ে এসব মাদকসেবিদের আটক করা হয়েছে।
আটক মাদক সেবিদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আজ সোমবার বিকালে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে জনদুর্ভোগ সৃষ্টির দায়ে জহুরুল কনস্ট্রাকশনের ট্রাক আটক, মামলা দায়ের

মেহেরপুর শহরে জনদুর্ভোগ সৃষ্টির দায়ে জহুরুল কনস্ট্রাকশন লিমিটেডের একটি বালুবাহী ট্রাক (ঢাকা মেট্রো-ট ২২-৫৭৫২) আটক করে আদালতে মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে মামলাটি করেন মেহেরপুর জেলা ট্রাফিক পুলিশ।

সূত্রমতে, আজ শনিবার (৬ মে) দুপুরেরর দিকে শহরের ভিতর দিয়ে জহুরুল কনস্ট্রাকশন লিমিটেডের একটি বালুবাহি খোলা ট্রাকে করে বালু নিয়ে মেহেরপুর শহরের মূল সড়ক দিয়ে দ্রুত গতিতে যাচ্ছিল। এসময় খোলা ট্রাক থেকে চারদিকে বালু উড়ে পথচারীদের চোখে মুখে প্রবেশ করে জনদুর্ভোগ সৃষ্টি হচ্ছিল।

এসময় মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস, এম, শরিয়ত উল্লাহ দুপুরে আদালতের কাজ শেষে বাসায় ফিরছিলেন। বিষয়টি তার নজরে এলে তিনি ট্রাকটিকে থামার সংকেত দেন। এরপর টহল ডিউটিতে কর্তব্যরত পুলিশ সদস্যদেরকে উক্ত ট্রাক এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন। পুলিশ দ্রুত সেই চালক ও সহযোগীসহ ট্রাকটিকে আটক করে।

এরপর জনদুর্ভোগ সৃষ্টির দায়ে পুলিশ বাদী হয়ে আদালতে মামলা দায়ের করেন এবং দায়ী আসামিকে আদালতে উপস্থাপন করেন। আদালতে অভিযুক্ত চালক দোষ স্বীকার করে ক্ষমা প্রার্থনা করেন। এছাড়া ভবিষ্যতে এমন কাজ করবে না মর্মে অঙ্গীকার করে ক্ষমা ও জামিন প্রার্থনা করেন।

আদালত আগামীকাল পর্যন্ত আসামিদের জামিন মঞ্জুর করেন এবং পরবর্তী আদেশের জন্য দিন ধার্য করেন।

কার্পাসডাঙ্গা কোমরপুরে পুলিশের অভিযানে ৫১ পিচ ইয়াবাসহ ২জন আটক

দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা ইউনিয়নের কোমরপুর গ্রামের মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫১পিচ ইয়াবা সহ ২জনকে আটক করেছে পুলিশ।

আজ বুধবার সন্ধা ছয়টার দিকে দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা ইউনিয়নের কোমরপুর গ্রামের বিল্লাল হোসেন এর মুদি দোকানের সামনে হতে ইয়াবাসহ ধৃত আসামীদের আটক করা হয়।

আটককৃতরা হলেন কার্পাসডাঙ্গা ইউনিয়নের সিমান্তবর্তী হুদাপাড়া গ্রামের মনিরুল ইসলামের ছেলে আজিজুল হক গিরি (২৫) ও রশিদ আলীর ছেলে সোহেল রানা (২২)।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার (ইনচার্জ) সাইফুল ইসলামের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই (নিঃ) ইমরান হোসেন, এএসআই (নি:) মোঃ মসলেম উদ্দিন সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫১পিচ ইয়াবা সহ ২জনকে আটক করে।

গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।

মেহেরপুরে হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

৩ গ্রাম হেরোইনসহ আরিফুল ইসলাম (৪০) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।
গ্রেফতারকৃত আরিফুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার রঘুনাথপুর গ্রামের মুক্তার আলীর ছেলে।

গতকাল মঙ্গলবার (২ মে) দিবাগত রাতে মেহেরপুর সদর থানার এসআই শিবলী গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ তার বাড়িতে অভিযান চালিয়ে আরিফুল ইসলামকে গ্রেফতার করে। এসময় তার কাছ থেকে ৩ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

সদর থানার এসআই শিবলী বলেন, সংবাদ আসে আরিফুল ইসলামের বাড়িতে হেরোইন রেখে বিক্রি করছেন। এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে হেরোইনসহ তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আরিফুল ইসলামের নামে এর আগেও সদর থানায় মাদকের অভিযোগে দুটি মাদকের মামলা রয়েছে। মামলা দুটি আদালতে বিচারাধীন।